মোবাইল ফোনে নজরদারি করছে ৭ অ্যাপ

গুগল প্লেস্টোরের নিয়ম ভাঙায় সাতটি অ্যাপ সেখান থেকে সরিয়ে ফেলেছে গুগল কর্তৃপক্ষ। গুগলের সন্দেহ, এসব অ্যাপ ব্যবহারকারীর ওপর নজরদারিতে ব্যবহৃত হচ্ছে। বিশেষজ্ঞরা বলেন, ব্যবহারকারীর ওপর নজরদারি করে এমন অ্যাপ স্মার্টফোন থাকলে তা দ্রুত সরিয়ে ফেলা উচিত।

এখন অনেক অ্যাপ ব্যবহারকারীর ডিভাইস, অবস্থানগত তথ্য ছাড়াও স্পর্শকাতর অনেক তথ্য থার্ড পার্টিকে সরবরাহ করতে থাকে। এসব অ্যাপ নিরীহ ট্র্যাকিং টুল হিসেবে মনে হলেও প্রকৃতপক্ষে তা ভয়ংকর হয়ে উঠতে পারে।

গুগলের নীতিমালা অনুযায়ী, নজরদারি বা বাণিজ্যিক স্পাইওয়্যার হিসেবে ব্যবহৃত অ্যাপ গুগল প্লেতে নিষিদ্ধ। শুধু প্যারেন্টাল মনিটরিংয়ের সুবিধা দিতে পারে এমনভাবে নকশা করা বা এন্টারপ্রাইজ ব্যবস্থাপনার কাজে লাগে এমন অ্যাপ রাখা যাবে।

প্লেস্টোর থেকে সরিয়ে ফেলা অ্যাপগুলো হচ্ছে এমপ্লয়ি ওয়ার্ক স্পাই, মোবাইল ট্র্যাকিং, ফোন কল ট্র্যাকার, এসএমএস ট্র্যাকার, স্পাই কিড ট্র্যাকার, স্পাই ট্র্যাকার, ট্র্যাক এমপ্লয়িজ চেক ওয়ার্ক ফোন অনলাইন স্পাই ফ্রি।

অ্যান্টি ভাইরাস নির্মাতা প্রতিষ্ঠান অ্যাভাস্ট এ অ্যাপগুলোর কার্যক্রম পরীক্ষা করে নজরদারির প্রমাণ পেয়েছে। অ্যাভাস্টের এক ব্লগ পোস্টে বলা হয়েছে, ব্যবহারকারীকে বিভিন্নভাবে ট্র্যাক করে তাঁকে বিরক্ত করে এসব অ্যাপ। এসব অ্যাপের বেশির ভাগই রাশিয়ার ডেভেলপারদের তৈরি।

অ্যান্ড্রয়েড স্মার্টফোন থেকে দ্রুত এসব অ্যাপ আনইনস্টল করার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। এখন পর্যন্ত ১ লাখ ৩০ হাজারবার ডাউনলোড হয়েছে অ্যাপটি।

স্মার্টফোনে এসব অ্যাপ ইনস্টল আছে কি না, তা দেখতে সেটিংস থেকে ‘অ্যাপস অ্যান্ড নোটিফিকেশন’ অপশনে যেতে হবে। সেখানে থাকা তালিকা থেকে অপ্রয়োজনীয় অ্যাপ আনইনস্টল করতে পারবেন।